



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

[www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)

স্মারক নং- ৬/৭৫/২৬/২০৮৮

তারিখ: ২৭/০৭/২০২১

বিষয়: প্রবিধানমালা ২০০৯ অনুসরণ পূর্বক চট্টহারা বালিকা উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, বগুড়ার ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে প্রিজাইডিং অফিসার নিয়োগ দান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন “চট্টহারা বালিকা উচ্চ বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটির মেয়াদ ২৪/০৫/২০১২ খ্রি: তারিখে শেষ হয়। বিধি মোতাবেক পরবর্তী ম্যানেজিং কমিটি গঠন করতে না পারায় প্রধান শিক্ষক এর আবেদনের প্রেক্ষিতে প্রথমবার এডহক কমিটির অনুমোদন দেয়া হয়। পরবর্তীতে মামলার কারণে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে না পারায় পর্যায়ক্রমে ০৬ (ছয়) বার এডহক কমিটির অনুমোদন দেয়া হয় এই শর্তে যে, বিদ্যমান মামলা নিষ্পত্তি করে বোর্ডকে অবহিত করতে হবে। পরবর্তীতে প্রধান শিক্ষক মামলা নিষ্পত্তির কাগজপত্র জমা দিলে ৭ম বার এডহক কমিটির অনুমোদন দেয়া হয়। কিন্তু কোভিড-১৯ এর কারণে মার্চ ২০২০ থেকে দেশব্যাপী সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ঐ মেয়াদে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করা সম্ভব হয় নি। ফলে প্রধান শিক্ষকের আবেদনের প্রেক্ষিতে ০৮/০৩/২০২১ খ্রি: তারিখে ৮ম বার এডহক কমিটির অনুমোদন দেয়া হয়। চলমান এই এডহক কমিটির মেয়াদ ০২/০৯/২০২১ খ্রি: তারিখে শেষ হবে। কোভিড পরিস্থিতি নিয়ন্ত্রনে না আসায় এখনও সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। এমতাবস্থায়, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ম্যানেজিং কমিটির নির্বাচনের উদ্দেশ্যে প্রিজাইডিং অফিসার নিয়োগদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়াকে পত্র প্রদানের আবেদন জানিয়েছেন।

অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোন শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠন কল্পে নির্বাচন পরিচালনার জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগ দেন সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, বিষয়টি বোর্ডের এখতিয়ার বহির্ভূত। তথাপি সুষ্ঠুভাবে বিদ্যালয়টি পরিচালনার স্বার্থে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড প্রবিধানমালা ২০০৯ এ বর্ণিত ম্যানেজিং কমিটি গঠনের যথাযথ নিয়ম এবং স্বাস্থ্বিধি অনুসরণ করে যদি ম্যানেজিং কমিটির নির্বাচন করা সম্ভব হয় তাহলে এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল।

✓ উপজেলা নির্বাহী অফিসার,  
শিবগঞ্জ, বগুড়া।

চেয়ারম্যানের আদেশক্রমে

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

29/07/2021 29/07/2021 29/07/2021